

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৮৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

بَابُ السُّجُودِ وَفَضْلِهِ

আরবী

وَعَنْ رِبْعَةَ بْنِ كَعْبٍ قَالَ: كُنْتُ أُبَيِّتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ بِوَضُوئِهِ وَحَاجَّتِهِ فَقَالَ لِي: «سَلْ» فَقُلْتُ: أَسْأَلُكَ مُرَافَقَتَكَ فِي الْجَنَّةِ. قَالَ: «أَوْ غَيْرَ ذَلِكَ؟». قُلْتُ هُوَ ذَاكَ. قَالَ: «فَأَعِنِّي عَلَى نَفْسِكَ بِكَثْرَةِ السُّجُودِ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৮৯৬-[১০] রবী'আহ্ ইবনু কা'ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাতের বেলা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে থাকতাম। উযু (ওযু/ওজু/অজু)-র পানিসহ অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র যেমন মিসওয়াক, জায়নামায ইত্যাদি এগিয়ে দিতাম। একদিন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে বললেন, (দীন-দুনিয়ার কল্যাণের জন্য যা কিছু চাও) চেয়ে নাও। আমি নিবেদন করলাম, আমার তো শুধু জান্নাতে আপনার সাহচর্য লাভই একমাত্র কাম্য। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, (যে মর্যাদায় তুমি পৌঁছতে চাও এটা তো বড় কথা) এছাড়া আর কিছু চাও? আমি বললাম, এটাই আমার একমাত্র আবেদন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি বেশি বেশি সিজদা (সিজদা/সেজদা) করে (এ মর্যাদা লাভের জন্য) আমাকে সাহায্য কর। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৪৮৯, আবু দাউদ ১৩২০, নাসায়ী ১১৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি প্রমাণ করে কেউ যদি করো খিদমাত করে অথবা উপকার করে তাহলে তাকে প্রতিদান দেয়ার উদ্দেশে বলা যাবে তোমার প্রয়োজন থাকলে আমার কাছে চাইতে পারো যেমনটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রবী'আকে বলেছিলেন, তোমার চাওয়ার কিছু থাকলে আমার কাছে চাইতে পারো।

আর হাদীসটি সাব্যস্ত করে আল্লাহর নিকট মর্যাদা অর্জন ও তাঁর নিকটবর্তী হওয়ার বড় মাধ্যম হলো সিজদা (সিজদা/সেজদা)। আর জান্নাতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গ লাভ করতে হলে সাজদাকেই মাধ্যম হিসেবে গ্রহণ করতে হবে আর সিজদা (সিজদা/সেজদা) দ্বারা উদ্দেশ্য সালাত (সালাত/নামায/নামাজ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55455>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন